# বাংলাদেশ সেনাবাহিনী

## ৭৭ বিএমএ দীর্ঘমেয়াদি কোর্স (পুরুষ/মহিলা)

দুঃসাহসিক নেতৃত্বের চ্যালেঞ্জ গ্রহণ করুন





GOLDEN OPPORTUNITY

চাকুরীর বিনিময়ে শিক্ষা







বিএমএ তে প্রশিক্ষণকালীন সময়ে নিম্নলিখিত ডিগ্রীসমুহ অর্জন করুন

MIST এর অধীনে ইঞ্জিনিয়ারিং ডিগ্রী

১। ইলেক্ট্রিক্যাল ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (EECE)
২। কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (CSE)
৩। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ME)
৪। সিভিল ইঞ্জিনিয়ারিং (CE)

BUP এর অধীনে স্নাতক (সম্মান) ডিগ্রী

১। আন্তর্জাতিক সম্পর্ক (IR)
২। অর্থনীতি (Economics)
৩। পদার্থবিদ্যা (Physics)
৪। বিবিএ (BBA)

### যোগ্যতা

১। বয়স। ০১ জানুয়ারি ২০১৬ তারিখে ১৭-২১ বছর (সশস্ত্র বাহিনীতে কর্মরত প্রার্থীদের জন্য ১৮-২৩ বছর) । এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। শারীরিক মান (ন্যূনতম)।

ক। পুরুষ।

(১) উচ্চতা ঃ ১.৬৩ মিটার (৫ ফুট ৪ ইঞ্চি)।
(২) ওজন ঃ ৫০ কিলোগ্রাম (১১০ পাউন্ড)।
(৩) বুক ঃ স্বাভাবিক - ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি)। প্রসারণ - ০.৮১ মিটার (৩২ ইঞ্চি)।

উচ্চতা ও বয়স অনুসারে অতিরিক্ত ওজন হলে অযোগ্য বিবেচিত হবে।

খ। মহিলা।

(১) উচ্চতা ঃ ১.৬০ মিটার (৫ ফুট ২ ইঞ্চি)।
(২) ওজন ঃ ৪৭ কেজি (১০৪ পাউন্ড)।
(৩) বুক ঃ স্বাভাবিক- ০.৭১ মিটার (২৮ ইঞ্চি)। প্রসারণ- ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি)।

উচ্চতা ও বয়স অনুসারে অতিরিক্ত ওজন হলে অযোগ্য বিবেচিত হবে।

৩। শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)।

ক। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমান পরীক্ষায় আলাদা আলাদা ভাবে জিপিএ ৫ পেয়ে উত্তীর্ণ ।

খ। ইংরেজী মাধ্যমের প্রার্থীগণের জন্য 'ও' লেভেলে ৬টি বিষয়ের মধ্যে কমপক্ষে ৪টিতে A*/A গ্রেড ও ২টিতে B গ্রেড থাকতে হবে এবং 'এ' লেভেলে ২টি বিষয়ের মধ্যে কমপক্ষে ১টিতে A গ্রেড ও ১টিতে B গ্রেড থাকতে হবে।

* বিঃ দ্রঃ ২০১৫ সালের এইচএসসি পরীক্ষার্থীগণও আবেদন করতে পারবেন।

৪। বৈবাহিক অবস্থা। অবিবাহিত ।

৫। জাতীয়তা। জন্ম/ডোমিসাইল সূত্রে বাংলাদেশী।

### অযোগ্যতা

৬। সেনা/নৌ/বিমান বাহিনী অথবা যে কোন সরকারী চাকুরী হতে অপসারিত/বরখাস্ত।

৭। আইএসএসবি (ISSB) কর্তৃক দুইবার স্ক্রিন্ড আউট/প্রত্যাখ্যাত (একবার স্ক্রিন্ড আউট ও একবার প্রত্যাখ্যাত হলে আবেদন করা যাবে)।

৮। আপিল মেডিকেল বোর্ড কর্তৃক অযোগ্য ঘোষিত।

### আবেদন পদ্ধতি

৯। ০৫ জুন ২০১৫ তারিখ হতে www.joinbangladesharmy.mil.bd ওয়েবসাইটের মাধ্যমে শুধুমাত্র অনলাইনে আবেদন করা যাবে। এক্ষেত্রে ওয়েবসাইটে প্রবেশ করে Home Page এর উপরে ডান কোনায় APPLY NOW তে ক্লিক করে ৭৭ বিএমএ দীর্ঘমেয়াদি কোর্সে APPLY করতে হবে। আবেদনকারী প্রার্থীগণ টেলিটক এসএমএস অথবা VISA ও Master Card অথবা Trust Bank Mobile Money এর মাধ্যমে ১০০০/- (এক হাজার) টাকা আবেদন ফি প্রদান করতে পারবেন। আবেদন প্রক্রিয়াতেই ওয়েব সাইটে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে আবেদন ফি প্রদান করা যাবে এবং তাৎক্ষণিকভাবে প্রাথমিক সাক্ষাৎকারের কল-আপ লেটার পাওয়া যাবে।

### নির্বাচন পদ্ধতি

১০। প্রাথমিক স্বাস্থ্য ও মৌখিক পরীক্ষা। প্রাথমিক নির্বাচনী (স্বাস্থ্য ও মৌখিক) পরীক্ষা আগামী ০২ আগষ্ট ২০১৫ হতে ২০ আগষ্ট ২০১৫ তারিখ পর্যন্ত (সরকারী ছুটির দিন ব্যতিত) বিভিন্ন সেনানিবাসে অনুষ্ঠিত হবে। কোন প্রার্থী পরীক্ষার দিন উপস্থিত হতে অপারগ হলে বর্ণিত সময়ের মধ্যে যে কোন দিন উপস্থিত হয়ে উক্ত পরীক্ষায় অংশগ্রহন করতে পারবে। তবে পরীক্ষার তারিখ পরিবর্তনের বিষয়টি পূর্বেই সরাসরি নিজ নিজ পরীক্ষা কেন্দ্রে জানাতে হবে।

১১। আন্তঃ বাহিনী নির্বাচনী পর্ষদ (ISSB) পরীক্ষা। প্রাথমিক নির্বাচনী পরীক্ষায় যোগ্য প্রার্থীদের ঢাকা সেনানিবাসে অবস্থিত আইএসএসবি এর নিকট পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য নির্ধারিত তারিখে উপস্থিত হতে হবে। আইএসএসবি'র জন্য আলাদা কলআপ লেটার সরাসরি আইএসএসবি প্রার্থীদের নিজ নিজ ঠিকানায় প্রেরণ করবে। এই পরীক্ষা চার দিনে সম্পন্ন হবে এবং যাবতীয় ব্যয় সরকার কর্তৃক বহন করা হবে।

১২। চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা। আইএসএসবি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৩। চূড়ান্ত নির্বাচন এবং যোগদান নির্দেশিকা প্রদান। স্বাস্থ্য পরীক্ষায় চূড়ান্ত যোগ্যতা অর্জন সাপেক্ষে প্রার্থীদেরকে সেনাবাহিনী সদর দপ্তর কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত ঘোষণা এবং পরবর্তীতে যোগদান নির্দেশিকা প্রদান করা হবে।

### বিশেষ নির্দেশনা

১৪। ক্যাডেট কলেজ/বিএনসিসি ক্যাডেটগণকে স্ব স্ব কলেজ/রেজিমেন্টের মাধ্যমে আবেদন করতে হবে।

১৫। বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তনের ক্ষমতা সেনাসদর সংরক্ষণ করে।

### প্রাপ্ত সুযোগ সুবিধা

১৬। বিএমএ প্রশিক্ষণ। ক্যাডেটগণ একাডেমিতে 'অফিসার ক্যাডেট' হিসেবে আখ্যায়িত হবেন এবং ৩ (তিন) বৎসরের প্রশিক্ষণ গ্রহণ করবেন।

১৭। পেশাগত মর্যাদা ও কমিশন প্রাপ্তি। প্রশিক্ষণ শেষে অফিসার ক্যাডেটগণ লেফটেন্যান্ট পদবীতে কমিশন পাবেন।

১৮। বেতন ও ভাতাদি।

ক। প্রশিক্ষণকালীন বেতন। অফিসার ক্যাডেটদের ক্ষেত্রে টাকা ১০,০০০/= এবং কমিশন প্রাপ্তির পর লেফটেন্যান্ট-এর বেতন ভাতা ও অন্যান্য আনুসাঙ্গিক সুবিধা প্রাপ্ত হবেন।

খ। ভাতাদি। পদবী অনুযায়ী মূল বেতনের সাথে অন্যান্য ভাতাদি প্রাপ্য। সরকারি পারিবারিক বাসস্থানের ব্যবস্থা না হলে মূল বেতনের ৪০-৪৫% পর্যন্ত বাড়ী ভাড়া প্রাপ্তির সুবিধা।

১৯। অন্যান্য সুযোগ-সুবিধা।

ক। সন্তানদের অধ্যয়ন। নিজ সন্তানদের জন্য ক্যাডেট কলেজ, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ (AFMC), মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি (MIST), বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (BUP) এবং সেনাবাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত স্কুল/কলেজে অধ্যয়নের সুযোগ।

খ। বাসস্থান ও চিকিৎসা। নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্পন্ন বাসস্থান প্রাপ্তি এবং বিনা খরচে দেশ-বিদেশে উন্নতমানের চিকিৎসা লাভের সুযোগ।

গ। এএইচএস এবং ডিওএইচএস-এ প্লট/ফ্ল্যাট। নির্ধারিত শর্ত সাপেক্ষে ঢাকা ও অন্যান্য স্থানে এএইচএস এবং ডিওএইচএস-এ প্লট/ফ্ল্যাট প্রাপ্তির সুবিধা।

ঘ। জাতিসংঘ মিশন। জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীতে যোগদান করে বিদেশ ভ্রমন ও আর্থিক সচ্ছলতা অর্জনের সুযোগ।

ঙ। বিদেশে প্রশিক্ষণ। প্রশিক্ষণের বিভিন্ন পর্যায়ে এবং কমিশন প্রাপ্তির পর মেধাবী ক্যাডেট এবং অফিসারগণের প্রশিক্ষণের জন্য বিদেশে গমনের সুযোগ।

চ। বৈদেশিক নিয়োগ। বাংলাদেশ দূতাবাস সমূহে সামরিক/সহকারী সামরিক উপদেষ্টা পদে নিয়োগ প্রাপ্তির সুযোগ।

ছ। উচ্চতর ডিগ্রী। ব্যক্তিগত যোগ্যতার ভিত্তিতে স্নাতকোত্তর, এমফিল ও পিএইচডি ডিগ্রী অর্জনের সুযোগ।

**পরিচালক**
**পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর**
**এ্যাডজুটেন্ট জেনারেল শাখা**
**সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস**

২০১৫ সালের এইচএসসি পরীক্ষার্থীগণ যারা ৭৬তম বিএমএ লং কোর্সের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত হয়েছেন কিন্তু এখন পর্যন্ত আইএসএসবি কর্তৃক নির্বাচনের জন্য ডাকা হয়নি তারা ৭৭তম বিএমএ লং কোর্সের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত বলে বিবেচিত হবেন। তাদেরকে জুলাই ২০১৫ থেকে ডিসেম্বর ২০১৫ এর মধ্যবর্তী যে কোন তারিখে আইএসএসবি'র জন্য ডাকা হবে। এ সকল প্রার্থীদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই (আইএসএসবি'র তারিখ জানার জন্য নিয়মিত www.issb-bd.org ভিজিট করুন)।



আবেদনের শেষ তারিখ: ০৪ জুলাই ২০১৫
আবেদন করতে ভিজিট করুন
www.joinbangladesharmy.mil.bd

অতিরিক্ত তথ্যের জন্য যোগাযোগ করুনঃ

কমিশন তথ্য সেল। সামরিক এক্সচেঞ্জঃ ০২-৮৮৭১২৩৪ বর্ধিত ২৪৮২ অথবা ০২-৮৭৫২৪৯৬ (সরাসরি) অথবা সেনাবাহিনী ওয়েবসাইট www.joinbangladesharmy.mil.bd

GD-2037 ISPR/Army/2015/1335 27/05/15